৫৩ তম জাতীয় সমবায় দিবস ২০২৪ এর প্রতিপাদ্য:

**"সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ"**

# এক নজরে সমবায়

**সমবায় আন্দোলন এবং আমাদের পবিত্র সংবিধানের অঙ্গীকারঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩-এর (খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার দ্বিতীয় খাত হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

অনুচ্ছেদ ১৩। উৎপাদনযন্ত্র, উৎপাদনব্যবস্থা ও বন্টনপ্রণালীসমূহের মালিক বা নিয়ন্ত্রক হইবেন জনগণ এবং এই উদ্দেশ্যে মালিকানা-ব্যবস্থা নিম্নরূপ হইবেঃ

(ক) রাষ্ট্রীয় মালিকানা, অর্থাৎ অর্থনৈতিক জীবনের প্রধান প্রধান ক্ষেত্র লইয়া সুষ্ঠু ও গতিশীল রাষ্ট্রীয় সরকারী খাত সৃষ্টির মাধ্যমে জনগণের পক্ষে রাষ্ট্রের মালিকানা;

**(খ) সমবায়ী মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে সমবায়সমূহের সদস্যদের পক্ষে সমবায় সমূহের মালিকানা; এবং**

(গ) ব্যক্তিগত মালিকানা, অর্থাৎ আইনের দ্বারা নির্ধারিত সীমার মধ্যে ব্যক্তির মালিকানা।

**সমবায় কীঃ**

সমবায় হচ্ছে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক চাহিদা পূরণের জন্য স্বেচ্ছায় সংগঠিত কিছু সংখ্যক ব্যক্তি কর্তৃক গঠিত সংস্থা বা প্রতিষ্ঠান যা যৌথ মালিকানাধীন এবং গণতান্ত্রিক উপায়ে নিয়ন্ত্রিত ও পরিচালিত। সার্বিক বিচারে বলা যেতে পারে সমবায় হচ্ছে তিনটি বল বা শক্তির সমষ্টি। এগুলো হলো-জনবল, অর্থবল ও মনোবল। সম্পদ ব্যবস্থাপনাগত দৃষ্টিকোণ থেকেও বলা যায় সমবায় হচ্ছে অর্থনীতির ভাষায় পাঁচটি মূলধন-(১) অর্থনৈতিক মূলধন; (২) মানবীয় মূলধন; (৩) সামাজিক মূলধন; (৪) প্রাকৃতিক মূলধন এবং (৫) ভৌত মূলধন।

**সমবায়ের মূলনীতি:**

সমবায় সংগঠনগুলো কার্যকরভাবে ও দক্ষতার সাথে পরিচালনার লক্ষ্যে আন্তর্জাতিক সমবায় মৈত্রী (International Co-operative Alliance) কর্তৃক সমবায় পরিচিতি নির্দেশিকাতে ৭টি মূলনীতি ঘোষণা করেছে।

- স্বতঃস্ফূর্ত ও অবাধ সদস্যপদ (Voluntary and open Membership)
- সদস্যের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ (Democratic Member Control)
- সদস্যের আর্থিক অংশগ্রহণ (Member Economic Participation)
- স্বায়ত্ত্বশাসন ও স্বাধীনতা (Autonomy and Independence)
- শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্য (Education, Training & Information)
- আন্তঃসমবায় সহযোগিতা (Co-operation among Co-operative)
- সমাজিক অঙ্গীকার (Concern for Community)

**বিশ্বব্যাপী সমবায়:**

বাংলাদেশে সমবায়ের শতবর্ষ উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক সমবায় মৈত্রীর প্রেসিডেন্ট মি: ইভানো বারবেরিনী অভিমত প্রকাশ করেন যে, "বাংলাদেশে সমবায় আন্দোলন সমবায়ের কর্মকান্ডকে সামাজিকভাবে দৃশ্যমান করে উন্নত বিশ্ব গঠনের উদ্যোগে যে সাফল্য প্রদর্শন করেছে তাকে আমি প্রশংসা করি"। সত্যি কথা হচ্ছে বাংলাদেশে সমবায় পদ্ধতি হচ্ছে শত বছরের অধিক সময়ের অনুসৃত একটি অর্থনৈতিক প্রক্রিয়া যা অনেক পরীক্ষার মাঝেও স্বগৌরবে মাথা উঁচু করে টিকে আছে অনেক অসম প্রতিযোগিতার মাঝে। জাতিসংঘের হিসাব অনুযায়ী বিশ্বের প্রায় ৩০০ কোটি মানুষ সমবায়ের মাধ্যমে তাদের জীবনযাত্রা নির্বাহ করে। বিশ্বের ৩০০টি সমবায় প্রতিষ্ঠানের সম্পদের পরিমাণ ৩০-৪০ হাজার কোটি মার্কিন ডলার। আন্তর্জাতিক সমবায় মৈত্রীর হিসাব অনুসারে কানাডা, জাপান ও নরওয়েতে প্রতি ৩ জনের ১ জন সমবায়ী। আমেরিকা যুক্তরাষ্ট্রে ও জার্মানীতে প্রতি ৪ জনের একজন সরাসরি সমবায়ের সাথে সম্পৃক্ত। গণচীনে ১৮০ মিলিয়ন, ভারতে ২৩৬ মিলিয়ন, মালয়েশিয়ায় ৫.৪ মিলিয়ন এবং যুক্তরাষ্ট্রে ৯.৮ মিলিয়ন জনগণ সমবায়ের সদস্য। জাপানে কৃষিকাজে নিয়োজিতদের ৯০ শতাংশ সমবায়ী। বেলজিয়ামে সমবায়ের মালিকানায় পরিচালিত ঔষধ শিল্প বাজারে ১৯.৫% শেয়ার অধিকার করে আছে। ব্রাজিলে সমবায় সমিতি সমূহ কৃষিতে ৪০% এবং কৃষিজাত পণ্য রপ্তানীতে ৬% অবদান রাখছে। কানাডার সমবায় সমিতি সমূহ বিশ্বের ৩৫% ম্যাপেল সুপার উৎপাদন করে। কেনিয়ার ৪৫% দেশজ উৎপাদন এবং ৩১% জাতীয় সঞ্চয় সমবায় সমিতি সমূহ থেকে আসে। তেমনিভাবে কোরিয়ার প্রায় ৯০% খামার চাষী কৃষি সমবায়ের সদস্য এবং প্রায় ৭১% মাছের বাজার মৎস্যখাতে সমবায়ীরা নিয়ন্ত্রণ করে। ডেনমার্ক ও নরওয়ের ৯৫% দুধ উৎপাদন ও বাজার জাত করে সমবায়ীরা।

**বাংলাদেশ সমবায়:**

| ক্র: নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | সমবায় সমিতি<br>ক) প্রাথমিক<br>খ) কেন্দ্রীয়<br>গ) জাতীয়<br>**মোট:** | <br>১,৮০,৮৪৩ টি<br>১২১৭ টি<br>১১ টি<br>**১,৮২,০৭১ টি** |
| ২ | ব্যক্তি সদস্য | পুরুষ ৯২৪৩১৭৬ জন, মহিলা ৩১৮৭৬৮২ জন, সর্বমোট ১২৪৩০৮৫১ জন। |
| ৩ | মোট কার্যকরী মূলধন | জাতীয় ৭১২৩৬.০০ লক্ষ, কেন্দ্রীয়- ৩২৯৩৩৮.৮৪ লক্ষ প্রাথমিক- ২৫৪০২৩৮.০৪ লক্ষ সর্বমোট= ২৯৪০৮১২.৮৮ |
| ৪ | সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান | ১১৩৭৮৯৬ জন। |

**টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্র ২০১৫-২০৩০:**

জাতিসংঘ কর্তৃক ঘোষিত ১৭টি সুনির্দিষ্ট টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রার মধ্যে সমবায়ের সাথে সম্পর্কিত লক্ষ্যমাত্রা গুলো হলো: ২) ক্ষুধা দুরীকরণ, খাদ্য নিরাপত্তা অর্জন এবং পুষ্টির উন্নয়ন ও কৃষির টেকসই উন্নয়ন প্রবর্তন করা; ৮) স্থিতিশীল ও অংশগ্রহণ মূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা এবং পূর্ণকালীন উৎপাদনমুলক কর্মসংস্থানসহ উপযুক্ত কাজের পরিবেশ তৈরী করা; ১০) রাষ্ট্রেসমূহের অভ্যন্তরীণ ও বিভিন্ন রাষ্ট্রের মধ্যকার বৈষম্য বিলোপ করা; ১২) উৎপাদন ও ভোগ কাঠামোর স্থিতিশীলতা নিশ্চিত করা। উক্ত লক্ষ্যমাত্রা সমূহকে অর্জন করতে সমবায় পদ্ধতির প্রয়োগ, অনুশীলন ও সফলতা অর্জনে বাংলাদেশকে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।

**বাংলাদেশে সমবায় সমিতির শ্রেণি বিন্যাস:**

| ক্র: নং | শ্রেণি | গঠন | নিবন্ধন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ | পরিচালনা |
|---|---|---|---|---|
| ১ | প্রাথমিক সমবায় সমিতি | ন্যূনতম ২০ জন একক সদস্য | জেলা সমবায় কার্যালয় | সদস্যদের মধ্য হতে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইন, বিধি ও সমিতির উপ-আইন অনুযায়ী পরিচালিত। সমিতিতে সরকারের স্বার্থ থাকলে সরকার ব্যবস্থাপনা কমিটিতে প্রতিনিধি মনোনয়ন প্রদান করেন। |
| ২ | কেন্দ্রীয় সমবায় সমিতি | ন্যূনতম ১০ টি প্রাথমিক সমবায় সমিতি | বিভাগীয় সমবায় কার্যালয় | |
| ৩ | জাতীয় সমবায় সমিতি | ন্যূনতম ১০ টি কেন্দ্রীয় সমবায় সমিতি | সমবায় অধিদপ্তর | |

**উপজেলা সমবায় কার্যালয়, চকরিয়া, কক্সবাজার কর্তৃক জনগণকে প্রদত্ত সেবাসমূহ:**

- ✓ সমবায় সমিতি নিবন্ধন
- ✓ আইন বিধিমালার আলোকে সমিতির ব্যবস্থাপনা তত্ত্বাবধান
- ✓ ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান
- ✓ সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা সম্পাদন
- ✓ অডিট সেস ও সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য, আদায় ও পরিশোধ
- ✓ আইন অনুযায়ী পরিদর্শন ও তদন্ত পরিচালনা
- ✓ সমবায় সমিতির বিরোধ নিষ্পত্তি
- ✓ সমবায় সমিতির অবসায়ন ও নিবন্ধন বাতিল করা
- ✓ সমবায় বিষয়ক শিক্ষা ও প্রশিক্ষণ
- ✓ সমবায় আদর্শের প্রচার ও প্রসার
- ✓ সমবায় ভিত্তিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন

**দুগ্ধ ধাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্প:**

চকরিয়া উপজেলায় দুগ্ধ ধাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের আওতায় ১০০জন সদস্যদের নিয়ে ০২টি দুগ্ধ সমবায় সমিতি গঠন করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৯২জন ১,৬০,০০০/- করে মোট ১,৪৭,২০,০০০/- টাকা খুবই স্বল্প সূদে ঋণ সহায়তা প্রদান করা হয়।

**০১। সমিতি সংক্রান্ত তথ্য:**

| সমিতি | সমিতির সংখ্যা | | সদস্য সংখ্যা | | শেয়ার মূলধন | | সঞ্চয় আমানত | | কার্যকর | অকার্যকর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | প্রাথমিক | কেন্দ্রীয় | প্রাথমিক | কেন্দ্রীয় | প্রাথমিক | কেন্দ্রীয় | প্রাথমিক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| সাধারণ | ১ | ৩৫৮ | ৩৩ | ৩০২৮৪ | ০.৩৭ | ৫৯৮.৪২ | ২৭৫.৮৯ | ২১২২.২ | ৩২২ | ৩৬ |
| পউবো | ২ | ১৯৯ | ১৯৯ | ১৫৩৫০ | ১৪.৩৫ | ৩৪.৫২ | ৫৩১.৫১ | ২৬২.৫ | ১৯৯ | ০ |
| মোট | ৩ | ৫৫৭ | ২৩২ | ৪৫৬৩৯ | ১৪.৭২ | ৬৩৯.৯৪ | ৮১৫.৪ | ২৩৯৩.৭ | ৫২১ | ৩৬ |

**০২। সমিতির সম্পদ, বিনিয়োগ ও কর্মসংস্থান সংক্রান্ত তথ্য:**

| সমিতি | সম্পদ | | বিনিয়োগ | | লভ্যাংশ | | কর্মসংস্থান | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | প্রাথমিক | কেন্দ্রীয় | প্রাথমিক | কেন্দ্রীয় | প্রাথমিক | কেন্দ্রীয় | প্রাথমিক | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সাধারণ | ১০.৫০ | ৮৫.৯১ | ২.৪৮ | ৪০.৮৮ | - | ১০.০ | ৫০ | ১৯৫ | |
| পউবো | ২০.৯০ | ৭.৫০ | ১৬.২০ | ৩.৯৫ | - | - | ৭৭ | - | |
| মোট | ৩১.৪ | ৯৩.৪১ | ১৮.৬৮ | ৪৪.৮৩ | | ১০ | ১২৭ | ১৯৫ | |

**০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় সংক্রান্ত তথ্য (লক্ষ টাকায়) :**

| জেলার নাম | প্রকল্পেরনাম | অক্টোবর/২৪ পর্যন্ত ঋণ বিতরণের পরিমাণ (ক্রম পুঞ্জিভূত) | অক্টোবর/২৪ পর্যন্ত মোট ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত) | শতকরা হার (%) | ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| কক্সবাজার | আশ্রয়ণ (ফেইজ-১) | ১৬২.২৪ | ১০৭.৬১ | ৬৬% | ১১৪০ |
| | আশ্রয়ণ (ফেইজ-২) | ৭৩.১৩ | ৪৭.১৮ | ৬৫% | ৬৩০ |
| | আশ্রয়ণ-২ | ১৮.৬০ | ১১.৭৩ | ৬৪% | ৫৩৫ |
| | মোট | ২৫৩.৯৭ | ১৬৬.৫২ | ৬৬% | ২৩০৫ |

**০৪। গুচছাকারে নিবন্ধনকৃত আশ্রয়ণ -২ প্রকল্পের সংক্রান্ত**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিবন্ধনকৃত সমিতির সংখ্যা | ঘর সংখ্যা | সদস্য সংখ্যা | শেয়ার | সঞ্চয় | মমন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০২ | চকরিয়া | ৮ | ২৪৯ | ২৪৯ | ২৭৭০০ | ৩২৫০০ | |

**০৫। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (ভ্রাম্যমান): অক্টোবর/২০২৪ পর্যন্ত।**

| জেলার নাম | বার্ষিক লক্ষ্য মাত্রা (কোর্সের সংখ্যা) | আলোচ্য মাস পর্যন্ত সমাপ্ত কোর্সের সংখ্যা | প্রশিক্ষণে অংশ গ্রহণকারী সদস্যের সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| কক্সবাজার | ৫ | ১ | ২৫ | ২০% |

**০৬। অডিট ফি আদায়ের অগ্রগতি :**

| সমিতি | ধার্যকৃত অডিট সেস (বকেয়াসহ) | আদায়ের পরিমাণ (বকেয়াসহ) | বকেয়া | আদায়ের হার |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৫ |
| সাধারণ | ৩,১৫,২১০/- | ৩,০৩,৪২০/- | ১১,৭৯০/- | ৯৬% |
| পউবো | ৩৭,৭৯০/- | ৩৭,৭৯০/- | ০/- | ১০০% |
| মোট | ৩,৫৩,০০০/- | ৩,৪১,২১০/- | ১১,৭৯০/- | ৮৮% |

**০৭। সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) :**

| সমিতি | ধার্য্যকৃত সিডিএফ | সিডিএফ আদায়ের পরিমাণ | সিডিএফ বকেয়া | আদায়ের হার |
|---|---|---|---|---|
| সাধারণ | ৫,৪৪,৩৫৬/- | ৫,৪৩,৭৬৯/- | ৮৮৭/- | ৯৯.৮৯% |
| পউবো | ১২,৭৩৬/- | ১২,৭৩৬/- | ০/- | ১০০% |
| মোট = | ৫,৫৭,০৯২/- | ৫,৫৬,৫০৫/- | ৮৮৭/- | ৯৯.৮৯% |

**০৮। কক্সবাজার জেলার কয়েকটি উল্লেখযোগ্য সমবায় সমিতির নাম: -**

০১। বদরখালী সমবায় কৃষি ও উপনিবেশ সমিতি, বদরখালী, চকরিয়া, কক্সবাজার।

০২। চিরিংগা ইউনিয়ন বহুমূখী সমবায় সমিতি লিঃ, চিরিংগা, চকরিয়া, কক্সবাজার।

০৩। দর্পন মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, হাসপাতাল রোড, চকরিয়া, কক্সবাজার।

০৪। প্রতিদান সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:, কলেজ রোড, চকরিয়া, কক্সবাজার।

০৫। চরণদ্বীপ ভূমিহীন কৃষি সমবায় সমিতি লি:, চিরিংগা, চকরিয়া, কক্সবাজার।

০৬। মহামায়া কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:, ভরামুহুরী, চকরিয়া, কক্সবাজার।

০৭। চকরিয়া উপজেলা দুগ্ধ সমবায় সমিতি লি:, থানার মোড়, চকরিয়া, কক্সবাজার।

০৮। চকরিয়া মাতামুহুরী দুগ্ধ সমবায় সমিতি লি:, বদরখালী, চকরিয়া, কক্সবাজার।

০৯। চকরিয়া হস্তশিল্প ও দেশীয় পণ্য উৎপাদনকারী সমবায় সমিতি লি:, সবুজবাগ, চকরিয়া, কক্সবাজার।

১০। বুড়িপুকুর চারালিয়া মৎস্যচাষ উন্নয়ন সমবায় সমিতি লি:, বুড়িপুকুর, চকরিয়া, কক্সবাজার।

১১। কর্ণফুলি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, চিরিংগা, চকরিয়া, কক্সবাজার।

১২। বন্ধন সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লি:, জিদ্দাবাজার, চকরিয়া, কক্সবাজার।

১৩। রিংভং বন জায়গীরদার ভূমিহীন সমবায় সমিতি লি:, ডুলাহাজারা, চকরিয়া, কক্সবাজার।

১৪। খুটাখালী ছড়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি:, খুটাখালী, চকরিয়া, কক্সবাজার।

১৫। রামপুর বড়ভিলা ভূমিহীন সমবায় সমিতি লি:, রামপুর, বদরখালী, চকরিয়া, কক্সবাজার।

---


**উপজেলা সমবায় কার্যালয়, চকরিয়া, কক্সবাজার**

ইমেইল: ucochakaria@gmail.com

ওয়েব: www.coop.chakaria.coxsbazar.gov.bd

ফোন: 03422-56001